

## টেলিস্কোপ

## ছোটপর্দায় এখন ছোটদের

## আধিপত্য



# শা

শুড়ি-বউমা-র বিবাদ থেকে উত্তরণ ঘটে গিয়েছে হিন্দি টেলিভিশনের। 'বালিকা বধু', 'গঙ্গা', 'উত্তরণ'-এর মতো ধারাবাহিকই ভেঙে দিয়েছিল একঘেয়েমি, নিয়ে এসেছিল একরাশ টাটকা বাতাস।

উপরিউক্ত সিরিয়ালগুলি শুধু নতুনত্বের স্বাদই আনেনি, তার সঙ্গে উপহার দিয়েছে প্রতিভাবান এক ঝাঁক শিশুশিল্পীও। অবিনাশ মুখোপাধ্যায়, অভিকা গোর, স্পন্দন চতুর্বেদী, রুহানা খান্নার শাসন করেছেন ছোটপর্দার বিনোদন জগৎ।

বিগত বছরে 'সারে গামা পা লিটল চ্যাম্পস' এবং 'সুপার ডান্সার'-এর মতো ছোটদের নিয়ে রিয়ালিটি শো-গুলিই সব থেকে বেশি দেখেছেন দেশের দর্শককুল।

সম্প্রতি 'কুলফি কুমার বাজেওয়াল'-র মতো মেগা ধারাবাহিক দারুণ আকর্ষণ তৈরি করেছে দর্শকমহলে। যেখানে কেন্দ্রীয় চরিত্রে আছেন শিশুশিল্পী, বাংলা ধারাবাহিক 'পটলকুমার গানওয়াল'-র অনুকরণেই তৈরি হয়েছে এই হিন্দি ধারাবাহিক। কুলফিকুমার চরিত্রে শিশু শিল্পী আকৃতি শর্মা পৌঁছে গিয়েছেন দর্শকদের ঘরে ঘরে।

তবে এখানেই শেষ নয়, জাতীয় ছোটপর্দায় ইদানীং ছোটদের কেন্দ্রীয়

চরিত্রে রেখে তৈরি ধারাবাহিকের রমরমা। বেশ কিছু নতুন মেগা ধারাবাহিক আসছে, যেগুলির কাহিনি ঘুরপাক খাবে ছোটদের কেন্দ্র করেই।

এরকমই কিছু আশু ধারাবাহিকের ব্যাপারে জেনে নেওয়া যাকঃ **ক্লপ & কালার্স**-এর এই নতুন ধারাবাহিকে অভিনয় করছেন আফান খান। 'পহেরেদার পিয়া কি'-র দৌলতে এই খুদে শিল্পী ইতিমধ্যেই পরিচিত। এ ছাড়াও 'মেরি দুর্গা'-র অনন্যা আগরওয়াল, 'শ্বশুরাল সিমার কা' খ্যাত নিক্কি শর্মা এবং 'উডান' খ্যাত তাশিন খান, এই তিন কিশোরী শিল্পীকেও দেখা যাবে।

**ইন্ডিয়াজ বেস্ট ড্রামেবাজ**ঃ শুধু ধারাবাহিকই নয়, রিয়ালিটি শো-এর ময়দানেও আসছে ছোটদের নিয়ে শো, জি টিভি-র এই রিয়ালিটি শো-তে উঠতি খুদে প্রতিভারা তাদের প্রতিভার পরিচয় দেবেন বিচারকদের সামনে।

**মুন্সান**ঃ স্টার ভারতের এই নতুন ধারাবাহিকের কাহিনি আবর্তিত হবে মা-মেয়ের সম্পর্ক ঘিরে। মুন্সানের চরিত্রে থাকছেন শিশু শিল্পী সোনাক্ষী সাভে আর তার মা হচ্ছেন আরিয়েনা দে।

**আলাদিন**ঃ সাব টিভির এই শো-তে আলাদিনের ভূমিকায় আছেন সিদ্ধার্থ নিগম আর তার রানি 'ইয়াসমিন' চরিত্রে দেখা যাবে অবনীত কউরকে।

সুতরাং বোঝাই যাচ্ছে, শাশুড়ি-বউমার কাণ্ডকারখানা নয় বরং ছোটদের ঘিরে গল্প বুনলেই ইদানীং ছোটপর্দার ধারাবাহিকগুলি পাচ্ছে ব্যাপক জনপ্রিয়তা, উর্ধ্বমুখী টিআরপি-ই তার প্রমাণ।

# না

'খতরোঁ কে খিলাড়ি' তে অংশগ্রহণ করতে রাজি আছেন কিন্তু 'বিগ বস'-এর বাড়িতে প্রবেশ করার আমন্ত্রণ পেলেও যাবেন না কিছুতেই। জানিয়েছেন ছোটপর্দার হ্যান্ডসাম অভিনেতা রোহন গম্ভোত্রা। কিন্তু কেন? 'দিল সে দিল' খ্যাত শিল্পী জানিয়েছেন, 'বিগ বস'-এ যোগ দিলে আমি মোটেই টিআরপি পাব না, কারণ আমি শান্ত স্বভাবের মানুষ এবং যে কোনওরকম নেগেটিভিটি থেকে দূরে থাকি।

# ভোল বদল

নীরুভেদা থেকে রাধি সাওয়াস্ত হয়ে উঠতে শল্যচিকিৎসা বা সার্জারির সাহায্য নিয়েছিলেন। রাজীব খান্ডেলওয়ালের সঞ্চালনায় 'জজবাত... সঙ্গীনে সে নমকিন'-এ এসে এই ব্যক্তিগত তথ্য প্রকাশ্যে জানানেন রাধি। কিন্তু ছুরি, কাঁচি-র সাহায্য নিতে হল কেন? রাধি বললেন, পরিবারের অমতেই মুহুই এসেছিলেন। অনেক চেষ্টা করেও বিনোদনজগতে প্রত্যাশিত সুযোগ পাচ্ছিলেন না, অগত্যা নিজের ভোল পালটে ফেলে সাফল্যের মুখ দেখেন নীরু অর্থাৎ রাধি।

# বিতর্কিত



আসছে 'বিগ বস'-এর ১২ নম্বর সিজন। নির্মাতারা চাইছেন নতুন মরশুমটি যেন হয়ে ওঠে আরও বিতর্কিত এবং আকর্ষণীয়। সেই মতো সমকামী জুটিকে আমন্ত্রণ জানানোর পরিকল্পনা রয়েছে। তালিকায় আছে সেন্স অ্যাডিস্ট, স্ট্রিপার, এসকর্ট। এ ছাড়াও ভাবা হচ্ছে বিতর্কিত সাংবাদিক, ড্রাগ অ্যাডিস্ট এবং ভূত-শিকারি ব্যক্তিত্বের কথাও। এবার সত্যিই বিতর্কিত হয়ে উঠবে মনে হচ্ছে 'বিগ বস'।

# দশ চড়



এক নয়, দশবার চড় খেতে হল ছোটপর্দার শিল্পী গৌরব সারিনকে। বাস্তবে নয়, শুটিংয়ে। 'কৃষ্ণা চলি লন্ডন' ধারাবাহিকের একটি দৃশ্যের শুটিং চলছিল, সেখানেই চড় মারার দৃশ্য গ্রহণ করা হচ্ছিল ট্রলিতে ক্যামেরা বসিয়ে। কিছুতেই শট 'ওকে' হচ্ছিল না। ক্যামেরা এতটাই কাছে ছিল যে নকল চড় মারার উপায় ছিল না। গৌরবকে চড় খেয়ে যেতেই হল যতবার রিটেক হল দৃশ্যটির। শেষে দেখা গেল অভিনেতার গাল লাল হয়ে গিয়েছে।

